ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩০৭৭
আগরতলা, ২৬ সেপ্টেম্বর, ২০২৫

**শারদ উৎসব উপলক্ষ্যে সারা রাজ্যে ব্যাপক নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ঃ পুলিশ মহানির্দেশক**

আসন্ন শারদ উৎসব উপলক্ষ্যে সারা রাজ্যে ব্যাপক নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। শারদ উৎসবের দিনগুলিতে সারা রাজ্যে নিরাপত্তা রক্ষার কাজে প্রায় আট হাজার নিরাপত্তারক্ষী মোতায়েন থাকবে। ৪০০ জন মহিলা পুলিশ কর্মীও নিরাপত্তা রক্ষার দায়িত্বে থাকবেন। আজ রাজ্য পুলিশের সদর দপ্তরে সাংবাদিক সম্মেলনে একথা জানান, রাজ্য পুলিশের মহানির্দেশক অনুরাগ। সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন এডিজি জিএস রাও, আইজি ইন্টেলিজেন্স কৃষ্ণেন্দু চক্রবর্তী, পশ্চিম ত্রিপুরা জেলার পুলিশ সুপার নমিত পাঠক, এসপি ট্রাফিক কান্তা জাঙ্গির প্রমুখ।

রাজ্যবাসীকে শারদ উৎসবের শুভেচ্ছা জানিয়ে পুলিশ মহানির্দেশক অনুরাগ জানান, এবছর সারা রাজ্যে বিভিন্ন ক্লাব, সংস্থা সহ সব মিলিয়ে ২,৯৬৫টি দুর্গাপূজা অনুষ্ঠিত হবে। গত বছর সারা রাজ্যে দুর্গাপূজা হয়েছিল ২,৭৫০টি। পশ্চিম ত্রিপুরা জেলায় এবছর ৭৭২টি দুর্গাপূজা অনুষ্ঠিত হবে। তিনি জানান, শারদ উৎসবে নিরাপত্তা ব্যবস্থা অক্ষুন্ন রাখতে ৬,৫৫০ জন টিএসআর জওয়ান মোতায়েন করা হবে। ৩২০ জন পুলিশ কর্মীকে বিভিন্ন জেলায় নিরাপত্তা রক্ষার কাজে দেওয়া হয়েছে। তাছাড়া প্রশিক্ষণার্থী ৯২০ জন পুলিশ কর্মীও নিরাপত্তার দায়িত্বে থাকবেন। সারা রাজ্যেই পুলিশ পিকেট, পেট্রোলিং-এর ব্যবস্থা করা হয়েছে। এজন্য অতিরিক্ত ২১৫টি গাড়ি নেওয়া হয়েছে। নিরাপত্তা রক্ষার কাজে আরও ৩২০টি সিসিটিভি লাগানো হয়েছে। তাছাড়া পূজার উদ্যোক্তাদেরও বলা হয়েছে তারা যেন তাদের মন্ডপ এলাকায় সিসিটিভি লাগানোর ব্যবস্থা করে। নিরাপত্তা রক্ষায় ২৪০টি পুলিশ অ্যাসিস্টেন্স বুথ তৈরী করা হবে। তাতে নিরাপত্তা রক্ষীগণ দায়িত্বে থাকবে। এসব ছাড়াও ওয়ারল্যাস নেটওয়ার্ক, স্নিফার ডগ, বোম্ব স্কোয়াড, ওয়াচ টাওয়ার, সাদা পোষাকে পুলিশি নিরাপত্তারও ব্যবস্থা করা হয়েছে। শব্দ দূষণ রোধেও প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হবে। সপ্তমী থেকে দশমী পর্যন্ত চারদিন আগরতলায় বিকাল ৫টা থেকে রাত ১টা পর্যন্ত যানবাহণ নিয়ন্ত্রণে নো-এন্ট্রি থাকবে। পণ্যবাহী গাড়িগুলি সকাল ৬টা থেকে বিকাল ৫টার মধ্যে পণ্য উঠানো নামানোর কাজ করতে পারবে। পুলিশ মহানির্দেশক জানান, যেকোন জরুরী প্রয়োজনে ১১২ এই নম্বরে ফোন করলে পুলিশি সহায়তা করা হবে। রাজ্যের রেল স্টেশনগুলিতে এবং যাত্রীদের নিরাপত্তায় পর্যাপ্ত নিরাপত্তা রক্ষী মোতায়েন করা হবে। ভারত-বাংলাদেশ সীমান্ত এলাকায়ও বিশেষ নজরদারির ব্যবস্থা করা হয়েছে। নির্ভয়ে শারদ উৎসবের আনন্দ উপভোগ করার জন্য রাজ্য পুলিশের মহানির্দেশক অনুরাগ রাজ্যবাসীর প্রতি আহ্বান জানিয়েছেন।

*****